গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
www.mohfw.gov.bd

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন অল্টারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি) শীর্ষক অপারেশনাল প্ল্যানের অধীনে জনবল নিয়োগ সংক্রান্ত (১-১০ গ্রেড) কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	: মসিউর রহমান, অতিরিক্ত সচিব, অর্থিক ব্যবস্থাপনা ও অডিট, স্বাস্থ্য সেবা বিভাগ।
সভার তারিখ ও সময়	: ০৭ /০৮/২০১৯খ্রিঃ, সকাল ১০:৩০ ঘটিকা।
সভার স্থান	: বাংলাদেশ সচিবালয়, মিনি কনফারেন্স রুম, ভবন নং-০৩, কক্ষ নং-৩৩৮।
	সভায় উপস্থিতির তালিকা: পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি উল্লেখ করেন, অল্টারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি) অপারেশনাল প্ল্যানের নিয়োগযোগ্য (১-১০ গ্রেড) ১৪৩টি শূন্য পদে দ্রুত জনবল নিয়োগের কার্যক্রম সম্পন্ন করা প্রয়োজন। সভাপতি উপস্থিত ডা: আবুবকর সিদ্দিক, ডিপিএম, অলটারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকাকে খসড়া নিয়োগ বিজ্ঞপ্তিটি পাঠ করে শুনানোর অনুরোধ করেন। অত:পর নিয়োগ বিজ্ঞপ্তিটির কিছু করণিক ভুলত্রুটি সংশোধন করা হয়। নিয়োগ বিজ্ঞপ্তিতে স্থায়ী রেজিস্ট্রেশন বাধ্যতামূলক বিষয়ে ডা: মো: মমিনুল ইসলামসহ আরো ৬ (ছয়) জন ডাক্তারের আবেদন বিষয়ে সভায় আলোচনা হয় এবং আবেদনকারী ডাক্তারগণকে স্থায়ী রেজিস্ট্রেশন প্রাপ্ত হতে হবে মর্মে ইতোপূর্বে সিদ্ধান্ত গৃহীত হওয়ায় আবেদন বিষয়ে নতুন করে কোন কার্যক্রম গ্রহণের প্রয়োজন নেই। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত প্রার্থীদের বয়সসীমা নির্ধারণের ক্ষেত্রে ভিত্তি সময় হিসেবে ২০১৮ সালের জুন মাস নির্ধারণের জন্য ডা: মমিনুল ইসলাম রানাসহ অপর ০২ (দুই) জন ডাক্তারের আবেদন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। ২০১৯ সালের আগস্ট মাসে নিয়োগ বিজ্ঞপ্তিটি পত্রিকায় প্রকাশিত হতে যাচ্ছে বিধায় ০১ আগস্ট,২০১৯ কে ভিত্তি সময় হিসেবে নির্ধারণ করা যেতে পারে মর্মে সবাই একমত পোষন করেন। এছাড়া, Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২০ আগস্ট, ২০১৯ সকাল: ১০.০০ টা এবং Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১২ সেপ্টেম্বর, ২০১৯ বিকাল: ০৫.০০ টা নির্ধারণ করা হয়। দৈনিক সমকাল ও দি বাংলাদেশ অবজারভার পত্রিকায় ১৮/০৮/২০১৯ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তিটি প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়।

অত:পর টেলিটকের প্রতিনিধি জনাব আল রেজ্জাকুজ্জামান, ম্যানেজার (মার্কেটিং ও ভিএএস)কে "অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী এবং শর্তাবলী" অংশটুকু পুনঃসতর্কতার সাথে পরীক্ষার অনুরোধের প্রেক্ষিতে তিনি জানান, পুরো সিস্টেমটি তিনি আবারো পরীক্ষা ও যাচাই করেছেন এবং সিস্টেমটি যথাযথভাবে নিয়োগ বিজ্ঞপ্তিতে লিখিত হয়েছে।

সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত/বিবরণ	বাস্তবায়নে
১	দৈনিক সমকাল ও দি বাংলাদেশ অবজারভার পত্রিকায় ১৮/০৮/২০১৯ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তিটি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।	এলডি (এএমসি)
২	২০১৯ সালের আগস্ট মাসে নিয়োগ বিজ্ঞপ্তিটি পত্রিকায় প্রকাশিত হতে যাচ্ছে বিধায় ০১ আগস্ট,২০১৯ কে বয়স নির্ধারণের ভিত্তি সময় হিসেবে নির্ধারণ করা হয়।	
৩	Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২০ আগস্ট, ২০১৯ সকাল ঃ ১০.০০ টা এবং Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ঃ ১২ সেপ্টেম্বর, ২০১৯ বিকাল: ০৫.০০ টা নির্ধারণ করা হয়।	

অত:পর সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৮/০৮/২০১৯
(মসিউর রহমান)
অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট)
স্বাস্থ্যসেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও
সভাপতি
(১-১০ গ্রেড) জনবল নিয়োগ কমিটি।

স্মারক নং-৪৫.০০.০০০০.১৭২.০১২.১৫.১৭/ ১৯৮   তারিখঃ ০৮.০৮.২০১৯খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষনঃ সহকারী পরিচালক (সমন্বয়)।
২। যুগ্মসচিব (প্রবা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। লাইন ডাইরেক্টরর, অলটারনেটিভ মেডিকেল কেয়ার(এএমসি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। পরিচালক, হোমিও ও দেশজ চিকিৎসা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭। পরিচালক, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৮। প্রোগ্রাম ম্যানেজার, অলটারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯। জনাব আল-রেজ্জাকুজ্জামান, ম্যানেজার (বিপনন ও ভিএএস), টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১৩ তলা), হোল্ডিং-৩/এ, ৫/এ, ৭/এ, রোড-১৭, গুলশান-১ ঢাকা-১২১২।
১০। জনাব মো: সালাহ উদ্দিন, সহকারী ম্যানেজার (বিপনন ও ভিএএস), টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১৩ তলা), হোল্ডিং-৩/এ, ৫/এ, ৭/এ, রোড-১৭, গুলশান-১ ঢাকা-১২১২।
১১। অফিস নথি।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
২। অতিরিক্ত সচিব (আ:ব্য:অ:) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

০৮-০৮-২০১৯

(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩